



বিএএফ শাহীন কলেজ ঢাকা

তেজগাঁও, ঢাকা-১২০৬

Web: www.bafsd.edu.bd

সংশোধিত

শিশু (KG) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৩ শিক্ষাবর্ষে বিএএফ শাহীন কলেজ ঢাকায় বাংলা মাধ্যমে এবং NCTB পাঠ্যসূচি অনুযায়ী ইংলিশ ভার্সন (English Version)-এ শিশু (KG) শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির উদ্দেশ্যে ১৪ নভেম্বর ২০১২ থেকে ২২ নভেম্বর ২০১২ তারিখ (শুক্রবার ব্যতিত) ০৯০০ ঘটিকা হতে ১৩০০ ঘটিকা পর্যন্ত শাহীন হলের কাউন্টারে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) জমাদান সাপেক্ষে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন ফরম ১৭ নভেম্বর ২০১২ থেকে ২৪ নভেম্বর ২০১২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন জমা দিতে হবে।

বিস্তারিত জানার জন্য ভিজিট করুন www.bafsd.edu.bd এর নোটিশ বোর্ড অথবা সরাসরি যোগাযোগ করুন।

তারিখ: ১৪-১১-২০১২

অধ্যক্ষ



বিএএফ শাহীন কলেজ ঢাকা

তেজগাঁও, ঢাকা-১২০৬

Web: www.bafsd.edu.bd

সংশোধিত

২০১৩ শিক্ষাবর্ষে শিশু (KG) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলি

১। ২০১৩ শিক্ষাবর্ষে বিএএফ শাহীন কলেজ ঢাকায় শিশু (KG) শ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্শন) ছাত্র-ছাত্রী ভর্তির উদ্দেশ্যে বাংলাদেশ বিমান বাহিনীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং বিএএফ শাহীন কলেজ ঢাকার শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তানদের জন্য নীল ফরম এবং অন্যান্যদের জন্য সাদা ফরম প্রদান করা হবে। ১৪ নভেম্বর ২০১২ বুধবার থেকে ২২ নভেম্বর ২০১২ বৃহস্পতিবার পর্যন্ত ০৯০০-১৩০০ ঘটিকার মধ্যে ২০০/- (দুইশত) টাকা মাত্র কলেজ সংলগ্ন শাহীন হলের কাউন্টারে জমা দিয়ে ভর্তির আবেদন ফরম ও প্রসপেকটাস সংগ্রহ করতে হবে।

২। একই প্রার্থী ইংরেজি ভার্শন ও বাংলা মাধ্যমে আবেদন করতে ইচ্ছুক হলে পৃথক পৃথক ফরম সংগ্রহ করতে হবে এবং তা পূরণ করে জমা দিতে হবে।

৩। একই ভার্শনে প্রত্যেক প্রার্থীর জন্য একটি ফর্ম প্রযোজ্য। একাধিক ফর্ম জমা দিলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

৪। ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে প্রার্থীর বয়স ৫ হতে ৬ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স ৬ বৎসরের উর্ধ্বে হলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

৫। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম ১৭ নভেম্বর ২০১২ শনিবার হতে ২৪ নভেম্বর ২০১২ শনিবার পর্যন্ত ০৯০০ ঘটিকা থেকে ১৩০০ ঘটিকার মধ্যে জমা নেয়া হবে এবং লটারীর তারিখ ও সময় সম্বলিত সীল দিয়ে প্রবেশপত্র ফেরৎ দেয়া হবে। (বিমান বাহিনীতে কর্মরত সদস্যের সন্তানদের ক্ষেত্রে আবেদন ফরমে নিজ নিজ ইউনিট অধিনায়কের সীল ও স্বাক্ষরসহ প্রত্যয়ন থাকতে হবে অথবা ফরমের সাথে প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে)।

৬। আবেদন ফরম ও প্রবেশপত্র পূরণের নিয়মাবলিঃ

ক। আবেদন ফরম এবং প্রবেশপত্র বাংলা মাধ্যমের জন্য বাংলায় এবং ইংরেজি ভার্শনের জন্য ইংরেজিতে পূরণ করতে হবে।

খ। আবেদন ফরম এবং প্রবেশপত্রের প্রতিটিতে ফটো চিহ্নিত স্থানে প্রার্থীর এক কপি করে সদ্যতোলা ডিভি সাইজের রঞ্জিন ফটো স্টাপলার পিন দ্বারা সংযোজন করতে হবে। ফটোর পেছনে প্রার্থীর নাম, পিতার নাম ও ফর্ম নম্বর উল্লেখ থাকতে হবে।

গ। প্রার্থীর নাম এবং জন্ম তারিখ জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী স্পষ্টাক্ষরে সঠিকভাবে লিখতে হবে। ফর্মের সাথে জন্ম সনদ এবং জন্ম নিবন্ধনের সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ঘ। আবেদন ফরমের ক্রমিক নম্বরই পরীক্ষার রোল নম্বর হিসেবে বিবেচিত হবে।

ঙ। পিতা বা অভিভাবকের পেশা চাকুরী হলে পদবী ও দপ্তরসহ নাম লিখতে হবে। ব্যবসায়ীর ক্ষেত্রে পদবী ও ব্যবসা প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। শুধু ব্যবসা বা চাকুরী লিখলে হবে না।

চ। আবেদন ফরমে কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। লটারীর তারিখঃ প্রবেশ পত্রে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী।

৮। লটারীর দিন প্রতি প্রার্থীর একজন অভিভাবক উপস্থিত থাকবেন (প্রার্থীর উপস্থিতির প্রয়োজন নাই)।

৯। ফলাফল প্রকাশঃ লটারীর ফলাফলের তালিকা ২০ ডিসেম্বর ২০১২ বৃহস্পতিবার কলেজ নোটিশ বোর্ডে প্রদান করা হবে (গেইটের নোটিশ বোর্ডে)।

বিঃ দ্রঃ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে লটারীর তারিখ ও সময় এবং ফলাফল প্রকাশের তারিখ পরিবর্তন করতে পারবেন। অত্র বিজ্ঞপ্তি ও নিয়মাবলিতে উল্লেখিত বিষয়াবলীর কোন পরিবর্তন করা হলে তা পূর্বের দিন কলেজ নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে দেয়া হবে যা সংশ্লিষ্ট সকলকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

তারিখঃ ১৪-১১-২০১২

অধ্যক্ষ
বিএএফ শাহীন কলেজ ঢাকা